

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
রাজশাহী।
rajshahidpl@gmail.com

স্মারক নং- আরপিএল/প্রতিযোগিতা/২০০৯/

তারিখঃ ২৩/০১/১৬ খ্রি:

বিষয়ঃ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে রচনা ও হাতের সুন্দর লেখা প্রতিযোগিতা-২০১৬

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৬ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার রচনা ও হাতের সুন্দর লেখা প্রতিযোগিতার আয়োজন করেছে। এ পর্যায়ে রাজশাহী মহানগর ও জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী ও সর্বসাধারণকে প্রতিযোগিতায় অংশগ্রহণের আহবান জানানো হলো। আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে প্রতিযোগিতায় সক্রিয়ভাবে অংশগ্রহণের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক) রচনা প্রতিযোগিতা :

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১	গ্রুপ - 'ক'	পঞ্চম - অষ্টম	বাংলা আমার মায়ের ভাষা	১০০০
২	গ্রুপ - 'খ'	নবম - দ্বাদশ	আমাদের ভাষা আন্দোলন	১২০০
৩	গ্রুপ - 'গ'	স্নাতক- স্নাতকোত্তর	ভাষা আন্দোলনের ছাত্রসমাজের ভূমিকা	১৫০০
৪	গ্রুপ - 'ঘ'	সর্বসাধারণ	গণমাধ্যমে একুশ	১৮০০

খ) হাতের সুন্দর লেখা প্রতিযোগিতা :

- ১। গ্রুপ - 'ক' তৃতীয়-পঞ্চম শ্রেণি
- ২। গ্রুপ - 'খ' ষষ্ঠ-অষ্টম শ্রেণি
- ৩। গ্রুপ - 'গ' নবম-দশম শ্রেণি

রাজশাহী মহানগর ও জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী ও সর্বসাধারণের রচনা রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে ২৯/০২/১৬ খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে।

হাতের সুন্দর লেখা প্রতিযোগিতার ক্ষেত্রে রেজিস্ট্রেশন ১৬/০২/১৬ খ্রি: তারিখ সকাল ০৯.০০ টার মধ্যে করতে হবে। উক্ত প্রতিযোগিতা ১৬/০২/১৬ খ্রি: তারিখ সকাল ৯.৩০ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

- ১। রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক পৃষ্ঠায় লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ২। ছাত্র ছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ জমা দিতে হবে।
- ৩। 'ঘ' গ্রুপের ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
- ৪। রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৫। হাতের সুন্দর লেখা প্রতিযোগীদের কাগজ ব্যতীত অন্যান্য উপকরণ সাথে আনতে হবে।
বিস্তারিত জানতে মোবাইল নম্বর ০১৯১২৭১৬৫৬০ যোগাযোগ করা যেতে পারে।

স্বা:-

(মো: জিল্লুর রহমান)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
রাজশাহী।

তারিখ:- ২৩/০১/২০১৬খ্রি:

স্মারক নং-আর পি এল/প্রতিযোগিতা -১ / ২০০৯ /৭৪৬৪ (১৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা

(আপনার শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।

- ৭। অফিস কপি।

০০৭০২-৪৭০০৬৬

(মো: জিল্লুর রহমান)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
রাজশাহী।

ফোন: (০৭২১) ৭৭২৬৩৪,